Notice is therefore given to the Borrower/ Co-Borrower/ Guarantor & Mortgagor as mentioned in Column No.2, calling upon them to make payment of the aggregate amount as shown in column No.6, against all the respective Borrower/ Co-Borrower within **60 days** of Publication of this notice as the said amount is found payable in relation to the respective loan account as on the date shown in Column No 6. It is made clear that if the aggregate amount together with future interest and other amounts which may become payable till the date of payment, is not paid, **Jana Small Finance Bank Limited** shall be constrained to take appropriate action for enforcement of security interest upon properties as described in Column No.4. Please note that this publication is made without prejudice to such rights and remedies as are available to **Jana Small Finance Bank Limited** against the Borrower's/ Co-Borrower's/ Guarantor's/ Mortgagors of the said financials under the law, you are further requested to note that as per section 13(13) of the said act, you are restrained/ prohibited from disposing of or dealing with the above security or transferring by way of sale, lease or otherwise of the secured asset without prior consent of Secured Creditor.

Date: 14.10.2023, Place: Kolkata | Sd/- Authorised Officer, For Jana Small Finance Bank Limited

পার্টি অফিসে বিক্ষোভ নিয়ে সুকান্তর দাওয়াই শাস্তি, সবাইকে নিয়ে চলার ডাক দিলীপের

উজ্জ্বল দত্ত, কলকাতা : বৃহস্পতিবার ও শুক্রবার সল্টলেক ও মুরলীধর সেন লেনে বিজেপির দলীয় কার্যালয় কর্মীদের বিক্ষোভ নিয়ে পরস্পর বিরোধী পথে চলার ইঙ্গিত দেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার ও প্রাক্তন রাজ্য সভাপতি তথা মেদিনীপুরের সাংসদ দিলীপ ঘোষ। পরপর ২দিন সল্টলেক ও মুরলীধর সেন লেনের দলীয় কার্যালয়ের সামনে যারা বিক্ষোভ ও হামলার চেষ্টা করেছে তাদের আন্দোলনকে যে বিজেপি সমর্থন করছে না তা স্পষ্ট ভাষায় জানিয়ে দিয়েছেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। শুধু সমর্থন না করাই নয়, তাদের বিরুদ্ধে যে কড়া ব্যবস্থা নেওয়া হবে তাও বৃহস্পতিবার সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে সাফ জানিয়েছেন সুকান্ত মজুমদার। আর এখানেই ভিন্নমত দিলীপ ঘোষের। দিলীপ ঘোষ বলেন, 'শাস্তি কতজনকে দেবেন? শাস্তির ভয় দেখিয়ে তো সমাজ চলে না। দেশে যেমন আইনকানুন আছে। সবাইকে নিয়ে চলার পথও আছে। শাস্তি একমাত্র ব্যবস্থা নয়।' এদিকে, সুকান্ত মজুমদার বলেন, 'সল্টলেক কার্যালয় ও মুরলীধর সেন লেনে যারা বিক্ষোভ দেখিয়েছে সে ব্যাপারে আমরা বিস্তারিত খোঁজখবর নিচ্ছি। যারা দলের বিরুদ্ধে গিয়ে বিক্ষোভ দেখিয়েছে, বিশৃঙ্খলা তৈরি করেছে তাদের কাউকে ছাড়া হবে না। সব ছবি, ভিডিও খতিয়ে দেখা হচ্ছে। যারা বিক্ষোভ দেখিয়েছে তাদের চিহ্নিত করে দরকারে বহিষ্কারও করা হবে।' প্রসঙ্গত, বুধবার সল্টলেকের অফিসে ধুন্ধুমার চলার পর বৃহস্পতিবার মুরলীধর সেন লেনেও বিক্ষোভ হয়। বুধবার বিজেপির অফিসের বাইরে হুলস্থুল হয়। গেটের মধ্যে লাথি পড়ে, ইট দিয়ে গেট ভাঙার চেষ্টা হয়। এ যেন বিজেপি বনাম বিজেপির লড়াই। মারামারিতে জখমও হন বেশ কয়েকজন। বৃহস্পতিবারও মুরলীধর সেন লেনের বাইরে শীর্ষ নেতাদের ছবিতে আগুন লাগিয়ে দেওয়া হয়। এই ২টি ঘটনায় ঠিক যখনই কড়া ব্যবস্থা নেওয়ার পথে রাজ্য বিজেপি নেতৃত্ব, তখন উলটোপথে হেঁটেই বিজেপির গৃহযুদ্ধ ঠেকাতে আলোচনার মাধ্যমে সমাধানের পরামর্শ দেন দলের প্রাক্তন রাজ্য সভাপতি তথা দলের সাংসদ দিলীপ ঘোষ।

বিজেপি ও তৃণমূল নেতারা রেশন কেলেঙ্কারির সঙ্গে জড়িত : সেলিম

বিপুন ভট্টাচার্য, বর্ধমান : শুক্রবার বর্ধমানের কার্জন গেট থেকে স্টেশন পর্যন্ত ইজরায়েল ও হামাদের যুদ্ধ বন্ধের আবেদনকে সামনে রেখে মিছিলে পা মেলালেন সিপিআই(এম) রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। এদিন মিছিল থেকে মহম্মদ সেলিম বলেন, 'ভোট যখন লুঠ হচ্ছিল, পঞ্চায়েত ভোট যখন হচ্ছিল সেসময় রাজীব সিনহা ঘুমোচ্ছিলেন। কিংবা কোথায় কার সঙ্গে গ্লাস শেয়ার করছিলেন কিনা জানি না। ডিএম, এসপিদের মতো রাজীব সিনহাকেও নাকখত দিতে হবে। মমতা ব্যানার্জি যেমন স্টেট ইলেকশন কমিশনে রাজীব সিনহাকে তৈরি করেছেন কেন্দ্রও তেমনি রাজীব সিনহার মতো ১জনকে খুঁজছে।' এদিন মিছিল থেকে আওয়াজ তোলা হয় যুদ্ধ বন্ধ করতে হবে। নিরীহ মানুষ মারা বন্ধ করতে হবে। শান্তি ফিরিয়ে আনতে হবে। এদিন উত্তর ২৪ পরগনার চাল ব্যবসায়ী রাকিবুরকে গ্রেফতার প্রসঙ্গে সেলিম বলেন, 'উনি চাল ব্যবসায়ীই নন, রেশন কেলেঙ্কারির সঙ্গে জড়িত। বিজেপি ও তৃণমূলের মন্ত্রী, নেতারা এর সঙ্গে জড়িত। চালকলের মালিকও জড়িত। রেশনের চুরি, ভেজাল মাল তার কাছে আছে। উত্তর ২৪ পরগনায় ইডি ২দিন ধরে তার ঠেকে অভিযান চালাচ্ছে। তৃণমূলের টাকা তার কাছে আছে। ইডি, সিবিআইয়ের শুধু অভিযান করলে হবে না, এদিক ওদিক তাকালেও হবে না, মূল চক্রীকে ধরতে হবে।' নিয়োগ দুর্নীতি মামলা প্রসঙ্গে সেলিম বলেন, '১৩ সেপ্টেম্বর অভিষেককে ডেকেছিল। সে যা কবুল করেছিল সে ব্যাপারে ১৬ সেপ্টেম্বরের মধ্যে তথ্য জমা দিতে বলেছিল ইডি। কিন্তু অভিষেক দেয়নি। ইডি বলেছে অভিষেক সহযোগিতা করছে না। আদালতের কাছে আবেদন করব, সহযোগিতা না করার জন্য অভিষেককে গ্রেফতার করার নির্দেশ দিক।'

আসানসোলে কয়লা পাচারের নতুন সিন্ডিকেট হয়েছে : সুকান্ত মজুমদার

রবীন্দ্রনাথ প্রামাণিক, আসানসোল : শুক্রবার আসানসোল পুরনিগম অভিযান শেষে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আসানসোলে বিজেপির জেলা সদর কার্যালয়ে সাংবাদিক বৈঠক করেন। সেখানে তিনি বলেন, 'আসানসোল শিল্পাঞ্চল জুড়ে নতুন করে কয়লার অবৈধ কারবার চলছে। একইসঙ্গে চলছে বালি পাচার। দেশের কর বিভাগকে ফাঁকি দিয়ে যেসব অসাধু প্রক্রিয়া চলছে, তার বিরুদ্ধেই সরব হবে রাজ্য বিজেপি। আসানসোল শিল্পাঞ্চলে নিম্নমানের কয়লা তোলার নামে উন্নতমানের কয়লা তুলে পুলিশ প্রশাসনের সহযোগিতায় পাচার হচ্ছে। ডিওর কয়লা থেকেও অসাধু ট্যাক্স আদায় করা হচ্ছে। অনুপ মাজির পর সিন্ডিকেট চালানোর জন্য ১জনের নাম উঠে এসেছিল। এখন তিনি মারা গেছেন। এখন সিন্ডিকেট চালানোর জন্য কান্তাবাবুর নাম উঠে এসেছে। যার সহকারি হিসাবে রয়েছে পাপ্পু সিং, বাহাদুর সিং সহ আরো ৭জন। রানিগঞ্জের কয়লাখনিতে ৭জনের মৃত্যু হলেও পুলিশ ৪জনের দেহ লোপাট করে মাত্র ৩জনের কথা স্বীকার করেছে। তাই রাজ্য পুলিশ যতদিন পর্যন্ত নিরপেক্ষ না হবে ততদিন জেলায় এই অসাধু কারবার চলবে।' তিনি আরো বলেন, 'এই কয়লা পাচারের অলিখিত পারমিট বাংলার সীমান্ত থেকে বারাবনি, জামুড়িয়া, রানিগঞ্জ, অণ্ডাল হয়ে ডানকুনি পর্যন্ত রয়েছে। স্বাভাবিকভাবেই এই ঘটনার প্রেক্ষিতে কেন্দ্রীয় সংস্থা ইডি, সিবিআইও হানা দেওয়ার জন্য প্রস্তুত থাকবে।'

৫৪ ঘণ্টা জেরা ও তল্লাশির পর রাকিবুরকে গ্রেফতার ইডির

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : টানা ৫৪ ঘণ্টা জেরা ও তল্লাশির পর বাগুইআটির এক অভিজাত আবাসন থেকে ইডির হাতে গ্রেফতার হলেন চালকল মালিক রাকিবুর রহমান। ইডির তদন্তকারীরা মনে করছেন, রেশন দুর্নীতি মামলার প্রধান মাথা এই রাকিবুর। তিনি এরাজ্যের এক মন্ত্রীর অত্যন্ত ঘনিষ্ঠ বলে সূত্রের খবর। ইইডর দাবি, সেই মন্ত্রীই রাকিবুরকে ঘুঁটি করে দুর্নীতির ফাঁদ পেতেছিলেন। ২০১৬ সাল থেকেই রাকিবুরের ব্যবসা ফুলে ফেঁপে উঠতে শুরু করে। অল্পদিনেই একাধিক চালকল থেকে শুরু করে ৫তারা হোটেল, নার্সিংহোম, শপিংমলের মালিক হয়ে উঠেছিলেন রাকিবুর। তদন্তকারীরা জানতে পেরেছেন, দুর্নীতির কালো টাকা সাদা করার জন্য তাঁর চালকল ব্যবহার করা হয়েছে। সম্প্রতি খাদ্যমন্ত্রী রথীন ঘোষের বাড়িতে তল্লাশি চালিয়েছিল ইডি। সেখান থেকে গুরুত্বপূর্ণ তথ্য পেয়ে রাজ্য জুড়ে ১২টি জায়গায় তল্লাশি চালান ইডি আধিকারিকরা। নদিয়া, হরিণঘাটার চাল কলে তল্লাশি চলে। সূত্রের খবর, ওই সব কটি চাল কলের মালিক রাকিবুর বলে জানতে পারে ইডি। তারপরই রাকিবুরের বাগুইআটির বিলাসবহুল আবাসনে ৫৪ ঘণ্টা ধরে তল্লাশি চালায় ইডি। ২০২২ সালে রাকিবুরের বিরুদ্ধে কয়েকশো কোটি টাকার আয়কর ফাঁকির অভিযোগ রয়েছে।

রেশন দুর্নীতি

ছাত্রের দেহ উদ্ধার

অগ্নি বন্দ্যোপাধ্যায়, অণ্ডাল : শুক্রবার সকালে পাণ্ডবেশ্বরের অজয় নদী থেকে উদ্ধার হয় নিখোঁজ ষষ্ঠ শ্রেণির ছাত্র প্রীতম মণ্ডলের (১২) দেহ। জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে ২ বন্ধুকে। জানা গেছে, বৃহস্পতিবার স্কুল থেকে ফিরে প্রীতম এক সহপাঠীর সঙ্গে বের হয়। এরপর থেকে সে আর বাড়ি ফেরেনি। ছোটো থেকেই প্রীতম পাণ্ডবেশ্বরে মামারবাড়িতে থাকত। এলাকার এক সিসিটিভি ক্যামেরায় দেখা যায় বৃহস্পতিবার বেলা ১১টা নাগাদ সহপাঠী গৌরব সিংয়ের সঙ্গে রয়েছে প্রীতম। পরে গৌরবকে চেপে ধরতেই সে জানায় স্কুল থেকে ফিরে প্রীতম সহ ৩ বন্ধু অজয় নদীতে স্নান করতে গিয়েছিল। প্রীতম জলে ডুবে যায়। ভয়ে তারা বাড়ি চলে আসে। এরপরই পুলিশ নদীতে খোঁজ শুরু করায় ছাত্রের দেহ উদ্ধার হয়।

ENTERPRISE INTERNATIONAL LIMITED
Regd.Office: " MALAYALAY" Unit No. 2A(s), 2nd Floor, 3 Woodburn Park, Kolkata-700020
CIN No. : L27104WB1989PLC047832
Ph: 033- 40447872/ 8394 ; Fax No.- 033-40448615
Email I'd:- contact@eilgroup.com , Website: www.eilgroup.co.in

NOTICE

Notice is Hereby Given That a Meeting of The Board of Directors of The Company Will Be Held On Wednesday The 8th Day of November 2023 At 2:00 P.M. at The Registered Office of The Company To Approve and take on Record, interalia, The Un-audited Financial Results (provisional) For The 2nd Quarter Ended on 30th September, 2023.

Place : Kolkata
Dated : 13.10.2023

For Enterprise International Ltd.
Sd/- Gopal Das Sarda
CHAIRMAN

নতুন রাস্তা, আলো দিতে চলেছে হাওড়া পুরনিগম

ভাস্কর বিশ্বাস, হাওড়া : পুজোর আগে শহরের মানুষকে নতুন রাস্তা, নতুন আলো উপহার দিতে চলেছে হাওড়া পুরনিগম। মহালয়ার আগে শুক্রবার বিকেলে এক সাংবাদিক বৈঠকে পুরনিগমের মুখ্য প্রশাসক সুজয় চক্রবর্তী বলেন, 'পুজোর আগে হাওড়া পুরনিগমের পক্ষ থেকে নানা জায়গায় রাস্তা, আলোর ব্যবস্থা করা হচ্ছে। এপ্রিল থেকে সেপ্টেম্বর পর্যন্ত পুরনিগম এলাকার ৪টি বিধানসভা কেন্দ্র ধরে বেশ কিছু রাস্তা তৈরি হয়েছে। এর মধ্যে কিছু টাকা বিধায়ক তহবিল থেকে পাওয়া গেছে। প্রায় ২১ কোটি ৮৭ লাখ ৭৪ হাজার টাকা রাস্তা তৈরির জন্য খরচ হয়েছে। শিবপুর ও দক্ষিণ হাওড়া বিধানসভা এলাকায় সবথেকে বেশি খরচ হয়েছে। এর পাশাপাশি ৭টি বরোর রাস্তার জন্য হাওড়া পুরনিগম দিয়েছে ৬ লাখ ৫৬ হাজার টাকা। বেশ কিছু জায়গায় আলো লাগানো হয়েছে। আলোর জন্য হাওড়া পুরনিগমের এই ৩-৪ মাসের জন্য খরচ হয়েছে প্রায় ২ কোটি ৯১ লাখ ৫০ হাজার টাকা।' অন্যদিকে, হাওড়ার পঞ্চাননতলার ভাঙাচোরা রাস্তা সারাইয়ের কাজে নামল পুরনিগম। শুক্রবার সকালে পঞ্চাননতলায় গিয়ে কাজ সরেজমিনে দেখেন মুখ্য প্রশাসক সুজয় চক্রবর্তী। সুজয় চক্রবর্তী বলেন, 'পঞ্চাননতলার একটা অংশ ঢালাই করে দেওয়া হয়েছে, বাকি প্রায় পুরোটা কংক্রিট করে দেওয়া হবে।'

ব্যাঙ্ক অফ বরোদার পুরস্কার বিতরণ

সুখবর ব্যুরো : সম্প্রতি হিন্দি দিবস-২০২৩ উপলক্ষে ব্যাঙ্ক অফ বরোদার কলকাতা মেট্রো-২ অঞ্চলের উদ্যোগে সব সদস্য ও কর্মীদের নিয়ে 'হিন্দির বিকাশে আঞ্চলিক ভাষার ভূমিকা' নিয়ে এক ওয়েবিনার হয়। সেখানেই পুরস্কার বিতরণ অনুষ্ঠানও হয়। এই অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে ছিলেন সাহিত্যিক ও ইটাওয়া হিন্দি সেবা নিধির সভাপতি ড. প্রেমশঙ্কর ত্রিপাঠি, অনলাইন মাধ্যমে জনাব ফারুক আফ্রিদি ও ব্যাঙ্কের আঞ্চলিক প্রধান। এদিন অনুষ্ঠানের সব বক্তারা হিন্দি ভাষার বিকাশের জন্য আঞ্চলিক ভাষার গুরুত্ব তুলে ধরেন। তাঁদের দাবি, এই ভাষা কাজের জন্য খুবই উপযোগী। এমনকী গ্রাহকদের সঙ্গে যোগাযোগের ক্ষেত্রেও হিন্দি ভাষা শেখা দরকারি। এদিনের অনুষ্ঠানটি শেষ করেন ডেপুটি রিজিওনাল হেড পবিত্র মল্লিক।

আসানসোলে বিজেপির পুরনিগম ঘেরাও

নিজস্ব সংবাদদাতা, আসানসোল : শুক্রবার ভারতীয় জনতা যুবমোর্চা আসানসোল জেলা সংগঠনের পক্ষ থেকে ডেঙ্গুর বাড়বাড়ন্ত, পানীয় জলের সংকট, বেহাল রাস্তার প্রতিবাদে আসানসোল পুরনিগমের মহানাগরিকের কাছে এক স্মারকলিপি প্রদান কর্মসূচির ডাক দেয়। বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের উপস্থিতিতে এদিন দুপুর ১২টা নাগাদ কর্মসূচি শুরু হওয়ার কথা থাকলেও দুপুর দেড়টায় তা আসানসোলের গির্জা মোড় থেকে শুরু হয়। প্রতীকী শবদেহ ও মশারি নিয়ে আসানসোল পুরনিগম পর্যন্ত বিজেপির কর্মীরা মিছিল করেন। পুরনিগমের সামনে এসে তাঁরা বিক্ষোভও দেখান। এরপর অবস্থান বিক্ষোভ মঞ্চে দাঁড়িয়ে সুকান্ত মজুমদার বলেন, 'আসানসোল পুরনিগমে অনেক দুর্নীতি হয়েছে। যার মধ্যে অন্যতম অম্রুত প্রকল্প। কেন্দ্রের সরকার এখনো পর্যন্ত ৫০০ কোটি টাকা পাঠালেও রাজ্য সরকার আসানসোল পুরনিগমকে এক টাকাও দেয়নি। আসানসোলের উন্নয়নের জন্য প্রাক্তন মেয়র জিতেন্দ্র তিওয়ারি বারবার বর্তমান মেয়র ও মন্ত্রীর সঙ্গে সমস্যা মেটাতে চেয়েছেন। তাও পদক্ষেপ করা হয়নি। আসলে ওরা বসবেন জেলের ভেতরে। যেদিন মমতা বন্দ্যোপাধ্যায় অভিষেককে মুখ্যমন্ত্রী পদে বসাবেন তার পরদিনই কয়লা পাচার ও গোরু পাচার কাণ্ডে তিনি গ্রেফতার হবেন।' এদিন সুকান্ত মজুমদার ছাড়াও ছিলেন জেলা সভাপতি বাপ্পা চ্যাটার্জি, বিধায়ক অগ্নিমিত্রা পল ও অন্যরা।

নিউ মেটালিক্স কারখানা পেল পুরস্কার

সুবীর রায়, দুর্গাপুর : রাজ্যে বামফ্রন্ট আমলে সরকার দুর্গাপুর শিল্পাঞ্চলে গড়ে তোলে ফেরো অ্যালয় আর কার্বাইডের মতো বেশ কয়েকটি বেসরকারি শিল্প কারখানা। এই ধরনের কারখানাগুলো লৌহ ইস্পাতের মতো দরকারি কারখানা গড়ে তুললেও এলাকার পরিবেশকে দূষিত করে দেয়। এদের মধ্যে বেশ কয়েকটি কারখানা এলাকায় সুস্থ ও সুন্দর সামাজিক পরিবেশ গড়ে তোলার দিকে নজর দেয়। তার মধ্যে ১টি কারখানা হল নিউ মেটালিক্স। এলাকায় সুস্থ ও সামাজিক পরিবেশ গড়ে তোলার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা নেওয়ার জন্য ভারতীয় সিএসআর পুরস্কার পায় দুর্গাপুরের বেসরকারি ইস্পাত কারখানা নিউ মেটালিক্স। কারখানা কর্তৃপক্ষের দাবি, ২০১৩ সাল থেকে এখন পর্যন্ত এই সংস্থা দুর্গাপুর শিল্পাঞ্চলে সবচেয়ে বেশি গাছ লাগিয়েছে। এবছর ভারতীয় সিএসআর পুরস্কার অনুষ্ঠানটি দিল্লিতে হয়। এই পুরস্কার জিতে কারখানার জেনারেল ম্যানেজার সঞ্জয় কুমার বলেন, '১৫ বছর ধরে আমরা এই অঞ্চলের দূষণের বিরুদ্ধে কাজ করছি। এলাকার সামাজিক দায়বদ্ধতা থাকায় আমরা সব সময় এলাকার উন্নয়নের জন্য কাজ করি। গত ১০ বছর ধরে আমরা ৩০৫২৩টি চারা গাছ লাগিয়েছি।'

ইউকো ব্যাঙ্কের তরফে পুরস্কার বিতরণ

সুখবর ব্যুরো : 'হিন্দি দিবস' উপলক্ষে ১৪-২৯ সেপ্টেম্বর পর্যন্ত ইউকো ব্যাঙ্কের উদ্যোগে সল্টলেকের জোনাল অফিসে হিন্দি পক্ষ উদযাপন করা হয়। এর প্রধান উদ্দেশ্য হল, কাজের ভাষা হিসেবে হিন্দি ভাষাকে গুরুত্ব দেওয়া ও প্রতিটি অঞ্চলে হিন্দি ভাষাকে ব্যবহারিক ভাষা হিসেবে ছড়িয়ে দেওয়া ও এই ভাষাকে মর্যাদা দেওয়া। এই জোনাল অফিসের সব সদস্য ও কর্মীদের নিয়ে বিভিন্ন ধরনের প্রতিযোগিতার আয়োজন করা হয়। যার মধ্যে রয়েছে 'অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ নলেজ', 'জেনারেল ব্যাঙ্কিং', 'হিন্দি নলেজ কুইজ'। এছাড়াও ছিল অনলাইন মাধ্যমে আঞ্চলিক ভাষা বা হিন্দি ভাষায় গান গাওয়া ও কবিতা পাঠের ওপর প্রতিযোগিতা। এই উপলক্ষে হাজির ছিলেন হিন্দি ও মৈথিলী ভাষার গীতিকার ও কবি ড. বুদ্ধিনাথ মিশ্র। ব্যাঙ্কের সব কর্মীরা উৎসাহের সঙ্গে এই প্রতিযোগিতায় যোগ দেন। পরে বিজয়ী প্রতিযোগীদের হাতে পুরস্কার তুলে দেন অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার ও জোনাল হেড সুদীপ দত্ত।

হাঁড়িকাঠ সমেত মোষ আসার পরই পালবাড়ির পুজোয় চালু মোষ বলি

ভাস্কর বিশ্বাস, হাওড়া : অনেক বনেদি বাড়ির পুজোয় আধুনিকতার ছাপ চলে আসলেও ৩ শতকেরও বেশি সময় ধরে পুরোনো ঐতিহ্য বহন করে আসছে হাওড়া শিবপুরের নবগোপাল মুখার্জি লেনের বিখ্যাত পালবাড়ির বংশধররা। সেই স্মৃতি বহন করে নিয়ে আসছে বাড়ির প্রাচীন ঠাকুরদালানটি। এই পুজো নিয়ে পরিবারের অন্যতম সদস্য অক্ষয় পাল জানান, 'কবে কীভাবে এই পুজো শুরু হয় তার সঠিক ইতিহাস জানা যায়নি। তবে ৩৫২ বছর আগে এই পুজো শুরুর কথা জানা যায়।' শোনা যায়, পালবাড়ির আদিপুরুষ সর্ব্যস্য পাল স্বপ্নাদেশ পেয়ে পালবাড়ির এই পুজো শুরু করেন। তিনি শিবপুর এলাকার জমিদার ছিলেন। সময়ের সঙ্গে সঙ্গে জমিদারি প্রথা উঠে যায়। আর্থিক অবস্থাও খারাপ হয়। এই পরিস্থিতিতে পুজোর দায়িত্ব পান বংশের ছেলে বটকৃষ্ণ পাল। ওষুধ ব্যবসায়ী হিসেবে সারা ভারত তো বটেই পৃথিবীতেও তিনি সুনাম অর্জন করেছিলেন। তাঁর প্রতিষ্ঠিত বটকৃষ্ণ পাল অ্যান্ড কোম্পানি'র ওষুধ



বিলেতেও পৌঁছে গিয়েছিল। পরে তাঁর নামে শোভাবাজারে বি কে পাল অ্যাভিনিউ নামকরণ হয়। হাওড়া বি কে পাল স্কুল তাঁর নামেই। শিবপুরে পাল বাড়িতেই তিনি ১৮৩১ সালে জন্মান। সেই থেকেই বি কে পালের বংশধররা এই পুজো চালিয়ে আসছেন। বটকৃষ্ণ পালের আমলেই পালবাড়ির পুজোর সব চেয়ে খ্যাতি ও জৌলুস অর্জন করে। শিবপুরের রায়চৌধুরী বাড়ি ও পালবাড়ির দুর্গাকে ২ বোন রূপে কল্পনা করা হয়। পালবাড়িতে আগে মোষ বলি হত না। কথিত আছে, একবার রায়চৌধুরী বাড়িতে বলি প্রদত্ত মোষ হাঁড়িকাঠ সমেত সেখান থেকে পালিয়ে চলে আসে পালবাড়িতে। সেই থেকেই পালবাড়িতে মোষ বলি প্রথা চলে আসছে। পালবাড়িতে দুর্গা মহিষাসুরমর্দিনী রূপে নয়, অভয়া রূপে পূজিত হন। দুর্গাপুজো হয় শাক্ত মতে। এখানে প্রতিমার ২টি হাত। যাঁর এক হাতে অভয়া মুদ্রা, অন্য হাতে ১টি ফল ও প্রস্ফুটিত পদ্ম। মহিষাসুর থাকে না তবে মা সিংহবাহিনী। প্রতিমার দু'পাশে সরস্বতী, লক্ষ্মী, কার্তিক ও গণেশ। অক্ষয় পাল আরো জানান, 'রথের দিন দুর্গার কাঠামো পুজো দিয়ে মূর্তি গড়ার কাজ শুরু হয়। কৃষ্ণ নবমীতে বোধন দিয়ে শুরু হয় এই বাড়ির পুজো। দেবী আরাধনার পাশাপাশি নবমী পর্যন্ত ১৫দিন ধরে চলে চণ্ডীপাঠ। নিয়ম অনুযায়ী নবপত্রিকা বাড়ির দালানে আসে। এদিন বাড়ির দুর্গামণ্ডপে মূর্তি গড়ার কাজ হত। করোনা আবহে পটুয়ারা অন্য জায়গায় থাকতে না চাওয়ায় শেষ ২ বছর কুমোরটুলিতেই দুর্গা প্রতিমা তৈরি হচ্ছে। এই পরিবারের পটুয়া, ঢাকি, কাজের লোক সবাই বংশ পরম্পরায় কাজ করে আসছেন। পুজোয় মাকে লুচি, মিষ্টি, ফল ভোগ দেওয়া হয়। সপ্তমীর দিন পাঁঠা বলি হয়। সন্ধিপুজোয় কালো পাঁঠা বলি ও আর নবমীর দিন পরিবারের যাঁরা মানসিক করেন তাঁদের সবার জন্য ১টি পাঁঠা, ৫টি ফল ও মোষ বলি হয়। অষ্টমীতে কুমারী পুজো হয়। সন্ধিপুজোর প্রসাদ পরিবারের কোনো সদস্য গ্রহণ করেন না। সন্ধিপুজোয় পরিবারের মহিলারা অংশ নিতে পারেন না। পরিবারের পুরুষরাই সন্ধিপুজোর আয়োজন করেন। আগে আন্দুল রাজবাড়িতে কামান দাগার আওয়াজ শুনে এখানে সন্ধিপুজো শুরু হত। এখন তা বন্ধ হয়ে গেছে।

NOTICE INVITING TENDER
NIT No. 03/2023-24 vide Memo No. 255/PGP/2023 dated 10/10/23
No. of Schemes 13 (Thirteen) in serial No. 1 to 13
Date of publication : 10.10.2023
Sale of Tender Form : 16.10.2023 to 17.10.2023
Dropping of tender before 2 PM on 02.11.2023
Opening of tender 3 PM on 02.11.2023
Detailed information may be collected from the office of Parsundi Gram Panchayet
Sd/-
Prodhan
Parsundi Gram Panchayet

NOTICE INVITING TENDER
NIT No. 04/2023-24 vide Memo No. 256/PGP/2023 dated 10/10/23.
No. of Schemes 6 (Six) in serial No. 1 to 5
Date of publication : 10.10.2023
Sale of Tender Form : 16.10.2023 to 17.10.2023
Dropping of tender before 2 PM on 02.11.2023
Opening of tender 3 PM on 02.11.2023
Detailed information may be collected from the office of Parsundi Gram Panchayet
Sd/-
Prodhan
Parsundi Gram Panchayet

জে টাপারিয়া প্রোজেক্টস লিমিটেড
CIN : L74210WB1980PLC032979
অতিরিক্ত সাধারণ সভা সংক্রান্ত বিজ্ঞপ্তি
[illegible]

इंडियन बैंक Indian Bank
इलाहाबाद ALLAHABAD
জোনাল অফিস, কলকাতা উত্তর
পরিশিষ্ট IV [রুল ৮(১)] দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)
[illegible]

Global downturn may hurt India too: KPMG

No other country offers a similar opportunity for talent, says India chief

Pavan Burgula & Vinit Mehta
NEW DELHI

Yezdi Nagporewalla, chief executive officer of KPMG India, expressed optimism over the growing green energy sector in India, which is receiving good investments

India may not escape the impact of a global economic downturn particularly, at a time elections are coming up, KPMG India chief executive officer (CEO) Yezdi Nagporewalla said. He also highlighted the opportunities thrown up by India's large talent pool.

"We are at a juncture where the global trends are not very positive. And you are seeing trends indicating a different story. In India, of course, it has not impacted us yet. But there is a chance that it will impact us," Nagporewalla said in an interview. "I don't know the quantum or the quality of the impact. But that, along with the fact that we are getting into an election year, can be precarious for India."

Many large economies are facing slowing growth amid steep interest rates and military conflict. India remains the fastest growing major economy in the world, at a time the US is tackling heavy debt and China is wading through a real estate slowdown. The International Monetary Fund (IMF) expects India's gross domestic product (GDP) to grow at 6.3% in FY24.

After the covid-19 pandemic originated in China's Wuhan, many multinational companies have attempted to move their global supply chains away from China to other Asian countries. India is hoping to bank on this diversification with the government unveiling several targeted measures in the last few years to ramp up the country's manufacturing sector.

Although some of the low-cost manufacturing is going to countries like Vietnam, India is a niche market with an edge over others, Nagporewalla said.

"As India is becoming more and more integrated, a global player which we are, that offers a similar opportunity for talent, so to speak," he added.

Commenting on the audit quality of companies in India, Nagporewalla said such concerns were a global phenomenon. **He added that the Indian government has embarked on a journey to improve the audit quality of companies and bring it on a par with global standards.**

"Whether you see aspects of us aligning with the IFRS (International Financial Reporting Standards) as a framework or whether you see certain aspects of the Companies Act and corporate governance being aligned with the international framework—these are all steps in that direction. But you have to give it time and you have to test it," Nagporewalla added.

Nagporewalla also expressed optimism over the growing green energy sector in India, which is receiving good investments. **"I think the largest investments would go into hydrogen, into green energy, that's also fairly intensive on investments as such, but parallelly equally important are things like storage and stuff like different ways of creating batteries for storage."**

pavan.burgula@livemint.com

WORLD VIEW

INDIAN government has embarked on a journey to improve the audit quality of companies

GLOBAL trends are not very positive. There is a chance that it will impact us

AS India is becoming more and more integrated, it is now clear that India is the talent hub

MCX plans to launch shorter contracts

Ram Sahgal
Ram.sahgal@livemint.com
MUMBAI

Gaining momentum

The MCX stock touched its 52-week high of ₹2,179.45 on 11 October. It closed at ₹2109.95 on 13 October



MCX is planning to offer shorter duration futures contracts on select commodities and options on commodity indices, two people aware of the matter said, in a move that could significantly increase its turnover. This follows the market regulator allowing the commodities exchange go live on Tata Consultancy Services Ltd's new commodity derivatives platform from 16 October.

MCX is one of four Sebi-recognized national exchanges that runs the largest commodity derivatives segment (CDS), accounting for around 98% market share. Other exchanges offering a CDS include NSE-anchored NCDEX, NSE and BSE. "With Sebi approval for the go-live date in, the exchange can now launch index options and shorter duration contracts on benchmark gold and silver contracts. This could have a positive impact on the exchange turnover as and when the plans are implemented," a person aware of the matter said.

Currently, MCX offers bi-monthly futures contracts on 1 kg gold and 30 kg silver. It offers gold and silver contracts in smaller denominations as well, but the bigger ones attract the largest volumes. A second person said that though MCX had sought and received Sebi approval for the shorter duration contracts, the bourse would once again approach the market regulator for the same. The approval for index options will be sought after the shorter duration futures contracts.

"Once trading on the new platform stabilizes, the exchange will look at launching shorter duration futures contracts on the benchmark gold and silver contracts to begin with, and then consider options on indices like Bulldex and Metldex," he added.

Bulldex is the bullion index and Metldex is the base metals index. These are akin to Bank Nifty and Nifty indices, which also have weekly options on them.

A query sent to an MCX official remained unanswered.

Options in India have higher market share than futures, and the MCX step could dramatically increase exchange turnover. To put things in context, on NSE, the country's largest stock exchange, index options enjoy 98% market share in derivatives with turnover of ₹37,380.7 trillion posted so far this fiscal.

MCX had an eight-year contract with 63 Moons for a CDS, which expired in September last year. In 2021, it selected TCS as its new vendor, which was asked to implement a commodity derivatives platform before September 2022. However, due to persistent delays, the migration kept getting deferred. The latest extension of contract with the old vendor was for six months ending in December 2023. However, MCX finally announced last month it was ready to migrate to the TCS platform and the Sebi approved the go-live date earlier this week.

The MCX stock has risen 70% from a 52-week low of ₹1,285.05 on 22 May to a 52-week high of ₹2,179.45 on 11 October. It closed at ₹2109.95 on 13 October.

UK clears Microsoft's $69 bn Activision deal

Bloomberg
feedback@livemint.com

Microsoft Corp. completed its $69 billion purchase of Activision Blizzard Inc. after a nearly two-year fight with global regulators threatened to scuttle the deal.

The biggest-ever acquisition in the video game industry gives the maker of Xbox consoles a more formidable position against rivals, vaulting it from fifth to third place globally, behind Tencent Holdings Ltd and Sony Group Corp.

The acquisition is a stunning turnaround after Microsoft executives underestimated the magnitude and longevity of antitrust objections, forcing the software giant to seek a three-month extension of the deal's expiration period from Activision.

Shares of Microsoft rose 0.2% at 9:38 am in New York.

Microsoft was able to close after making alterations to its merger agreement to win over UK authorities.

The US Federal Trade Commission, which lost an attempt to block the transaction in court, continues to pursue legal action in its own administrative hearing. That could still force the two companies to unwind the deal if the commission is successful.

The deal provides Spencer the cornerstone for a plan to boost the company's lagging mobile games business

The UK's Competition and Markets Authority announced on Friday that it had approved the deal after accepting a restructuring plan involving selling some gaming rights to French publisher Ubisoft Entertainment SA. The regulator was concerned about preserving competition in the nascent market for games streamed via the cloud.

Microsoft's gaming chief Phil Spencer's work from here may prove even more challenging.

The deal provides Spencer the cornerstone for a plan to boost the company's lagging mobile games business.

Among Activision's titles is the universally popular Candy Crush and its spinoffs. Yet the delay means Microsoft has fallen even further behind in that space and a contraction in the over-saturated sector. The company remains in a standoff with Apple Inc. over access to its app store

Westbridge Capital buys stake in Meesho

Ranjani Raghavan
ranjani.raghavan@livemint.com
MUMBAI

Meesho co-founder and CEO Vidit Aatrey.

Westbridge Capital has acquired 1.5% of Meesho at a valuation of $3.5 billion, two people with knowledge of the deal said. The investment firm acquired the stake from Meesho's seed investor, Venture Highway.

Venture Highway will retain around 3.8% of Meesho, one of the people cited above added, requesting anonymity. In a statement, Venture Highway said it generated over 50 times its initial investment.

"Venture Highway, an early and long-term backer of Meesho, invested in the company's first seed round over eight years ago," the firm said in the statement.

Meesho raised capital in a primary round in September 2021, when it was valued at $4.7 billion. Since then, investors have marked down start-ups on their books.

However, secondary share sales—such as this one—typically happen at a discount to primary capital raise.

Venture also Highway is an investor in companies such as Moglix, Sharechat, Better Place and Chalo. Its more recent investments include Cheq, Ivy Homes, Meragi and Ripik, the firm said.

In a statement explaining the rationale for its investment, Westbridge Capital said that Meesho had provided superior value to a large base of Indian consumers. "This has resulted in them making rapid strides in the fast-growing Indian e-commerce market. We are pleased to partner with the company and back the vision of the founders and management for the long runway that lies ahead," said Sandeep Singhal, partner, Westbridge Capital.

Venture Highway, which generated over 50 times with its initial investment, will retain around 3.8% of Meesho

WestBridge Capital manages over $7.5 billion of capital across investment funds focussing on India, the firm said. Meesho was founded in 2015 by Vidit Aatrey and Sanjeev Barnwal in Bengaluru as a social commerce platform. Thereafter, it transformed into a broader e-commerce marketplace. Meesho's strategy is to diversify the product mix with a share of apparel coming down over the last couple of years, a 3 October JP Morgan report on India said. It added that the company saw strong growth in home, kitchen, and baby care products.

Half of Meesho's traffic is organic now, which has driven down customer acquisition costs significantly, the research report said.

"It relies on third-party logistics rather than captive logistics as it believes captives are not cost-efficient even though they provide faster delivery. It enjoys better pricing from third-party logistics since it is their largest customer," the report added.

Coca-Cola boosts ad spending in India

Suneera Tandon
suneera.t@livemint.com
NEW DELHI

Summer sales of cold drinks were "challenging" with unseasonal rains hitting demand for beverages this year BLOOMBERG

Coca-Cola India on Friday said it has allocated record marketing budget for Thums Up, Coca-Cola, and Sprite for September and December quarter by leveraging its global partnership with the International Cricket Council (ICC) to intensify advertising efforts for the ongoing Men's World Cup, as well as the festive season.

The move follows a lacklustre performance by beverage makers in the summer.

In 2019, ICC and Coca-Cola signed a five-year global contract, appointing the American beverage company's brands as exclusive non-alcoholic beverage partners for all ICC events globally until 2023.

The World Cup promotions are spearheaded by Thums Up the largest selling brand in its India portfolio, while the flagship, Coca-Cola, focuses more on festive season campaigns. It is also investing in promoting Sprite for the ongoing cricket tournament, said Arnab Roy, vice president of marketing for Coca-Cola India, and Southwest Asia.

"We've been activating ICC World Cup with brand Thums Up along with the recently piloted Limca Sportz. All the activations around the festivals also started off in a very big way in Maharashtra followed by *Durga Puja* in West Bengal. We've also been doing some very interesting stuff around *Diwali* but in a slightly limited way, because there is also the World Cup...This will result in one of the largest (marketing) investments we have done in Q3 and Q4 combined in our company's history in India," Roy said during a virtual media round-table.

While most firms spruce up spending in the run up to the festive season, beverage makers typically amplify advertising spends during peak summer months. However, summer sales of cold drinks were "challenging" with unseasonal rains hitting demand for beverages this year.

Roy admitted to a difficult summer but said the firm did not cut advertising and promotional spending.

"We had invested heavily in summer, and during the IPL. We didn't reduce our investments because we always work on very long-term planning cycles," he added.

India is hosting the World Cup after 12 years, coinciding with the festivities, which typically sees an uptick in demand across categories.

J&K Bank
Serving To Empower

Jammu & Kashmir Bank Limited
Zonal Office Mumbai
W: www.jkbank.com

Extension w.r.t invitation of bids for lease basis or outright purchase of premises for Wakad (Pune) Branch.

With reference to the Tender Notice dated 02/08/2023, issued by this Office regarding the invitation of bids for lease basis or outright purchase of premises for Branch Wakad (Pune), the last date for receipt of proposals complete in all respect as specified in tender document in the format prescribed by Bank is extended upto **26th of October 2023 (05:00 PM IST).**

The relevant documents and the terms and conditions relating to same can be downloaded from Bank's website **www.jkbank.com** or in person from Zonal Office Mumbai from **13/10/2023.**

The Bank reserves the right to cancel/reject any/all offer(s) without assigning any reason thereof.

Dated: 12/10/2023 **Zonal Head Mumbai**

Registered office : Corporate Headquarters, M.A.Road, Srinagar 190001, Kashmir, India
CIN: L65110JK1938SGC000048 . T : +91 (0)194 2481 930-35 . F : +91 (0)194 248 1928;
E : info@jkbmail.com . W : www.jkbank.com

ENTERPRISE INTERNATIONAL LIMITED
Regd.Office: " **MALAYALAY**" Unit No. 2A(s), 2nd Floor, **3 Woodburn Park, Kolkata-700020**
CIN No. : L27104WB1989PLC047332
Ph: 033- 40447872/ 8394 : Fax No.- 033-40448615
Email I'd:- contact@eilgroup.com . Website: www.eilgroup.co.in

NOTICE

Notice is Hereby Given That a Meeting of The Board of Directors of The Company Will Be Held On Wednesday The 8th Day of November, 2023 At 2:00 P.M. at The Registered Office of The Company to Approve and take on Record, Interalia, The Un-audited Financial Results (provisional) For The 2nd Quarter Ended on 30th September, 2023

For Enterprise International Ltd.
Sd/- Gopal Das Sarda
CHAIRMAN

Place : Kolkata
Dated : 13.10.2023

Uttar Gujarat Vij Company Limited
CIN – U40102GJ2003SGC042906
Registered & Corporate Office, Visnagar Road, Mehsana -384001 www.ugvcl.com
Toll free No.19121 OR 1800233155335

UGVCL G2C

E-Tender Notice : UGVCL/Project/Solar/PM-KUSUM-C-FLS/TN-105 to TN-110

UGVCL invites Request for Selection of **Solar Power Generators** for Purchase of Solar Power through On-line competitive bidding process (followed by reverse e-auction) for Solarization of various 11 KV Agricultural feeders of selected 66 / 11 KV Sub-stations in supply area of UGVCL under RESCO mode of **PM-KUSUM Component-C Feeder level Solarization** Scheme of MNRE covering **06 Substations with aggregate Solar plant capacity of 41 MW**. Interested Bidders are requested to visit web-site https // tender nprocure com (for RfS documents view, down load and on line submission) and web-site www ugvcl com (for view & down load only) Interested bidders are requested to regularly visit the above websites to check for amendment if any in the Tender

Date : 13/10/2023 **Chief Engineer (P&P)**

Have fun with facts on Sundays

Catch the latest column of

HT TWTW
THE WEEK THAT WAS

A quiz on the week's development

J&K Bank
Serving To Empower

Jammu & Kashmir Bank Limited
Zonal Office Mumbai
W: www.jkbank.com

Extension w.r.t invitation of bids for lease basis or outright purchase of premises for Kurla Branch

With reference to the Tender Notice dated **02/08/2023,** issued by this Office regarding the invitation of bids for lease basis or outright purchase of premises for Branch Kurla (Mumbai), the last date for receipt of proposals complete in all respect as specified in tender document in the format prescribed by Bank is extended upto **26th of October 2023 (05:00 PM IST).**

The relevant documents and the terms and conditions relating to same can be downloaded from Bank's website **www.jkbank.com** or in person from Zonal Office Mumbai from **13/10/2023.**

The Bank reserves the right to cancel/reject any/all offer(s) without assigning any reason thereof.

Dated: 12/10/2023 **Zonal Head Mumbai**

Registered office Corporate Headquarters, M.A.Road, Srinagar 190001, Kashmir India
CIN: L65110JK1938SGC000048 T : +91 (0)194 2481 930-35 . F : +91 (0)194 248 1928.
E : info@jkbmail.com . W : www.jkbank.com